

স্মারক নং- ৪১.০১.৭৫১০.০০০.১৬.০০১.২২-

১৫৪

বিষয়ঃ ২০২২-২৩ অর্থ বছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ,  
উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকার স্মারক নং-৫৮৩, তারিখ- ২৭ জুলাই ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থ বছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের লক্ষ্যে এম আই এস অনলাইন আবেদন ও যাচাই বাছাই আপনার পৌরসভা/ ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত হবে। যারা ইতিমধ্যে প্রতিবন্ধী সূবর্ণ নাগরিক কার্ড করেছেন কিন্তু এখনো ভাতার আওতায় আসেননি তারা অনলাইনে আবেদনের মাধ্যমে ভাতার আবেদন করতে পারবেন। আগামী ১০ আগস্ট ২০২২ হতে ১০ সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে [mis.bhata.gov.bd/onlineApplication](http://mis.bhata.gov.bd/onlineApplication) লিংকে ভাতার আবেদন গ্রহণ করা হবে। বর্তমান ভাতাপ্রাপ্ত ভাতা গ্রহীতাদের আবেদনের প্রয়োজন নেই।

☛ আবেদনের জন্য নিম্নোক্ত বিষয়াদির প্রয়োজন হবেঃ

১. জাতীয় পরিচয়পত্র/ ১৮ বছরের নিচের ব্যক্তিদের অনলাইনকৃত জন্ম নিবন্ধন।
২. সূবর্ণ নাগরিক কার্ড।
৩. নিজ/ অভিভাবকের নামে রেজিস্ট্রেশনকৃত নতুন মোবাইল নাম্বার (নগদ একাউন্ট করা থাকতে হবে)

☛ উপজেলা সমাজসেবা অফিস, চাটখিল এ যা জমা দিবেন ... ..

☛ আবেদনের অনলাইন প্রিন্ট কপি, সূবর্ণ নাগরিক কার্ডের ফটোকপি, ১ কপি পাসপোর্ট সাইজ ছবি ও নতুন সিম নাম্বার উপজেলা সমাজসেবা কার্যালয়, চাটখিলে জমা দিতে হবে।

☛ সংশ্লিষ্ট কাউন্সিলর/ মেম্বারের সমন্বয়ে প্রচার, মাইকিং এবং মসজিদের ইমামদের মাধ্যমে প্রচার এর ব্যবস্থা ও প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করা হ'ল।

বিষয়টি অতীব জরুরী।


মেয়র/ চেয়ারম্যান

.....পৌরসভা/ ইউনিয়ন


চাটখিল, নোয়াখালী।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, ২৬৮, নোয়াখালী-১।
  - ২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী।
  - ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা.....ভাতা কর্মসূচির বাস্তবায়ন কমিটি, চাটখিল, নোয়াখালী
  - ৪। উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল, নোয়াখালী।
  - ৫। সভাপতি/ সাধারণ সম্পাদক, চাটখিল প্রেস ক্লাব, চাটখিল, নোয়াখালী।
  - ৬। সভাপতি/ সাধারণ সম্পাদক, উপজেলা প্রেস ক্লাব, চাটখিল, নোয়াখালী।
- কার্যার্থেঃ
- ৭। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, চাটখিল শাখা, চাটখিল, নোয়াখালী।
  - ৮। জনাব.....ইউনিয়ন সমাজকর্মী, অত্র কার্যালয়।
  - ৯। অফিস কপি।



এ. এস. এম মোসা  
উপজেলা নির্বাহী অফিসার  
চাটখিল, নোয়াখালী



মোঃ আলী হোসাইন  
উপজেলা সমাজসেবা অফিসার  
চাটখিল, নোয়াখালী  
E-mail: [usso.sonaimuri@dss.gov.bd](mailto:usso.sonaimuri@dss.gov.bd)